

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল
রাজস্ব ভবন (১১ তলা), প্লট-এফ ১/এ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cevt.gov.bd

নথি নং-সিইভিটি/অফিস আদেশ/১২/২০১২/ ৩০৫

তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

আদেশ

বিষয়: আপিল মামলা নিষ্পত্তিতে দায়িত্বশীলতা নিশ্চিতকল্পে বিশেষ নির্দেশনা

সম্প্রতি গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে, কাস্টমস এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে দাখিলকৃত আপিল আবেদনের উপর দফাওয়ারী জবাব এবং কাস্টমস হাউস কিংবা ভ্যাট কমিশনারেট কর্তৃক দাখিলকৃত আপিলের সত্যপাঠে কমিশনারের পক্ষে অন্য কোনো কর্মকর্তা স্বাক্ষর করছেন। সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক দাখিলকৃত আপিল সম্পর্কে সম্যক অবহিত না হয়ে মনোনীত সহকারী/ডেপুটি কমিশনার নিজ দপ্তরের প্রতিনিধিত্ব করছেন। কোনো কোনো ক্ষেত্রে সরকার পক্ষে প্রতিনিধিত্বকারী কর্মকর্তা নানা অজুহাতে সময়ের আবেদন করে মামলা নিষ্পত্তি প্রক্রিয়াকে বিলম্বিত করছেন। এমতাবস্থায়, ট্রাইব্যুনালে মামলা পরিচালনা প্রক্রিয়ায় সরকার পক্ষের স্বচ্ছতা ও দায়িত্বশীলতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো, যথাঃ

(ক) কাস্টমস এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে দাখিলকৃত আপিল আবেদনের উপর দফাওয়ারী জবাব এবং কাস্টমস হাউস কিংবা ভ্যাট কমিশনারেট কর্তৃক দাখিলকৃত আপিলের সত্যপাঠে কমিশনার স্বাক্ষর করবেন।

(খ) বিশেষ প্রয়োজনে সময়ের আবেদন করতে হলে নির্ধারিত তারিখে শুনানির পূর্বে যৌক্তিক কারণ উল্লেখপূর্বক কমিশনার কর্তৃক স্বাক্ষরিত পত্র উপস্থাপন করতে হবে।

(গ) দাখিলকৃত আপিলের শুনানিতে সংশ্লিষ্ট আপিল বিষয়ে সম্যক ধারণাসম্পন্ন কর্মকর্তাকে প্রেরণ করতে হবে। শুনানিতে প্রতিনিধিত্বকারী কর্মকর্তা যাতে করে আপিল সংশ্লিষ্ট নথি পর্যালোচনার জন্য পর্যাপ্ত সময় পান সে লক্ষ্যে উপযুক্ত সময়ে তাঁর নিকট দলিলাদি হস্তান্তর করতে হবে।

(ঘ) কমিশনার নিজ বিবেচনায় উচ্চ রাজস্ব ঝুঁকি সম্পন্ন আপিল মামলায় সরকার পক্ষে প্রতিনিধিত্ব করার জন্য মামলা সম্পর্কে সম্যক ভাবে অবহিত যুগ্ম/অতিরিক্ত কমিশনার পদমর্যাদার কর্মকর্তাকে প্রেরণ করতে পারবেন।


২৩.০২.২০২৬
(মোহাম্মদ লুৎফর রহমান)
প্রেসিডেন্ট (M)
☎ +৮৮-০২-২২২২১৮০৫৮

নথি নং-সিইভিটি/অফিস আদেশ/১২/২০১২/ ৩০৫

তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সকল), কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি কমলাপুর/পানগাঁও/বেনাপোল, যশোর/মোংলা, খুলনা/আইসিডি চট্টগ্রাম/ভোমরা, সাতক্ষীরা।

৩. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূসক, ঢাকা/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা
(পূর্ব/পশ্চিম/উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/যশোর/কুমিল্লা/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/বরিশাল/কক্সবাজার।
৪. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
৫. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূসক গোয়েন্দা ও নিরীক্ষা অধিদপ্তর/ কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৮. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
৯. সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
১০. সভাপতি/সেক্রেটারী, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল আইনজীবী সমিতি, ঢাকা।
১১. পিএ টু প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা। (প্রেসিডেন্ট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সার্টালিপিকার/সাঁট মুদ্রাক্ষরিক/উচ্চমান সহকারী/অফিস সহকারী/পেশকার, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩. নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৪। অফিস কপি ।


26.02.2026
শাকেরা খাতুন
রেজিস্ট্রার